"পাঠ্যবই বুঝে পড়ি"

"গাইড পরিহার করি"

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক: প্রশ্নব্যাং:সে-২/৪২৮

তারিখ: ৩ এপ্রিল, ২০১৯

**বিষয়: প্রশ্ন ব্যাংকের আপডেট ভার্সনে পরীক্ষাভিত্তিক একটি একটি করে পূর্ণ ১ সেট প্রশ্ন আপলোড প্রসংগে।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের ১৯/৫/২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.৩৭২.৪৪.০২০.১৪.২৩৪ নং স্মারকপত্র

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী প্রত্যেক শিক্ষকের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্ন প্রণয়নের বাধ্যবাধকতা রয়েছে। মানসম্মত সৃজনশীল প্রশ্ন প্রণয়ন ও অনলাইনে আপলোডের পর সর্বোচ্চ নিরাপত্তায় সংরক্ষণ, অনলাইনে মডারেশনের পর অভ্যন্তরীণ পরীক্ষা গ্রহণের লক্ষ্যে যশোর শিক্ষা বোর্ড প্রশ্ন ব্যাংকের আপডেট ভার্সন তৈরি করেছে। শিক্ষকগণ প্রশ্ন ব্যাংকের আপডেট এ ভার্সনে ষষ্ঠ থেকে দশম শ্রেণির অভ্যন্তরীণ পরীক্ষার পাঠ্যসূচি বিভাজন ও মানবণ্টন অনুযায়ী পরীক্ষাভিত্তিক একটি একটি করে পূর্ণ ১ সেট প্রশ্ন আপলোডের সুবিধা পাবেন। শিক্ষকগণের মানসম্মত প্রশ্ন প্রণয়নে ও আইসিটিতে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সৃজনশীল প্রশ্ন কাঠামো ও প্রশ্ন ব্যাংকে প্রশ্ন আপলোডের কলাকৌশল জানা অত্যাবশ্যক।

২। যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে অভ্যন্তরীণ পরীক্ষাভিত্তিক পূর্ণ ১ সেট মানসম্মত প্রশ্ন অত্রসাথ: সংযুক্ত ম্যানুয়ালের সহায়তায় অনলাইনে প্রশ্ন ব্যাংকে আপলোড করতে হবে।

৩। যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধান (অত্রসাথ: সংযুক্ত ম্যানুয়ালের সহায়তায়) অধীনস্ত শিক্ষক প্রশ্ন আপলোড করছেন কিনা তা তদারকিপূর্বক নিশ্চিত করবেন।

৪। **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ৩১ জানুয়ারি, ২০১৯ তারিখের ৩৭.০২.০০০০.১০১.৯৯.০০১.১৯-২৬৬১/১০ স্মারকপত্রের(কপি সংযুক্ত)ক্রমিক ৩,৬ ও ১১ এর আলোকে প্রতিষ্ঠান প্রধান প্রশ্ন ব্যাংকে প্রশ্ন আপলোডের উপর বিদ্যালয়ে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করতে হবে।**

৫। অগ্রাধিকার ভিত্তিতে আসন্ন ষষ্ঠ,সপ্তম,অষ্টম ও নবম শ্রেণির অর্ধ-বার্ষিক ও দশম শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষা(যশোর শিক্ষা বোর্ড কর্তৃক বিভাজিত) অভ্যন্তরীণ পরীক্ষার পাঠ্যসূচি বিভাজন অনুযায়ী প্রত্যেক শিক্ষক কমপক্ষে পূর্ণ ১ সেট প্রশ্ন অনলাইনে প্রশ্ন ব্যাংকে আপলোড নিশ্চিত করতে হবে।

এমতবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তের বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক:
প্রধান শিক্ষক/অধ্যক্ষ
অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)
পরিচালক(প্রশ্ন ব্যাংক সেল)
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

স্মারক:

তারিখ: ৩ এপ্রিল, ২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে প্রেরিত:

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,খুলনা অঞ্চল,খুলনা
৪। জেলা প্রশাসক, খুলনা বিভাগের সকল জেলা
৫। জেলা শিক্ষা অফিসার, খুলনা বিভাগের সকল জেলা। প্রতিষ্ঠানসমূহে প্রশ্ন আপলোড কার্যক্রম তদারকি ও প্রয়োজনীয় সহযোগিতার জন্য অনুরোধ করা হল
৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, খুলনা বিভাগের সকল থানা/উপজেলা । প্রতিষ্ঠানসমূহে প্রশ্ন আপলোড কার্যক্রম তদারকি ও প্রয়োজনীয় সহযোগিতার জন্য অনুরোধ করা হল
৭। অফিস নথি

"পাঠ্যবই বুঝে পড়ি" "গাইড পরিহার করি"

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

**যশোর শিক্ষা বোর্ডের অনলাইন প্রশ্ন ব্যাংকের আপডেট ভার্সনে**

## Question Set Upload Manual

**প্রতিষ্ঠান প্রধানের করণীয়** : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) এর Question Bank → Enter ক্লিক করে LOG IN পেজে প্রতিষ্ঠানের EIIN এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর হতে প্রদত্ত পাসওয়ার্ড Institute Panel-এ ইনপুট করে লগ ইন করতে হবে। Manage Teacher → Teacher List হতে Approved করে Teacher Approved List থেকে Allot Class এ ক্লিক করে শিক্ষক যে শ্রেণিতে যে বিষয়ে পাঠদান করেন তা Select করে Submit করতে হবে। এভাবেই প্রতিষ্ঠান প্রধান তার অধীনস্থ শিক্ষককে প্রশ্ন ব্যাংকে প্রশ্ন আপলোড করার অনুমতি প্রদান করবেন।

**প্রতিষ্ঠান প্রধান** অধীনস্ত শিক্ষকদের প্রশ্ন আপলোড তদারকির জন্য Institute Panel-এর Question Set List Menu থেকে অধীনস্থ শিক্ষক কর্তৃক আপলোডকৃত সকল স্বতন্ত্র প্রশ্ন/পূর্ণসেট প্রশ্নের পরিসংখ্যান দেখতে পারবেন।

### প্রশ্ন আপলোডকারীর পূর্ব প্রস্তুতি :

i) আপনি যে পরীক্ষার জন্য (অর্ধ-বার্ষিক/বার্ষিক/প্রাক-নির্বাচনি/নির্বাচনি পরীক্ষা) প্রশ্ন আপলোড করতে যাচ্ছেন, সে বিষয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর থেকে প্রকাশিত অভ্যন্তরীণ পরীক্ষাভিত্তিক সিলেবাস বিভাজন-২০১৯ অনুসারে প্রশ্ন আপলোড করা আবশ্যক।

ii) আপলোডের সময় পাঠ্যপুস্তকের আলোকে প্রত্যেকটি প্রশ্নের শিখনফল প্রয়োজন হবে।

iii) অনলাইনে প্রশ্ন আপলোডের জন্য আপলোডকারীর সুবিধাজনক সময়ে UNICODE-এ (NikoshBAN বা SutonnyOMJ) Font-এ টাইপ/ইমেজ প্রস্তুত (বিষয়, অধ্যায় ও শিখনফলসহ) করে সংরক্ষণ করা থাকলে অনলাইনে স্বল্প সময়ে প্রশ্ন আপলোড করা যাবে।

### প্রশ্ন আপলোডকারী শিক্ষক যে প্রক্রিয়ায় প্রশ্ন আপলোড করবেন :

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) এর Question Bank → Enter ক্লিক করে উক্ত বোর্ড হতে প্রদত্ত ১০ সংখ্যার OTP ID পূর্বে 13 যুক্ত করে User Name এর ফিল্ড-এ OTP ID লিখুন (উদাহরণ-১: আপনার শিক্ষক আইডি 0000031766 হলে আপনার User Name হবে 130000031766)। পাসওয়ার্ড টাইপ করে LOG IN করে Online Question Bank Portal-এ আপনার প্রোফাইলে প্রবেশ করুন।

**প্রশ্ন আপলোড** : প্রশ্ন আপলোড করার জন্য Manage Question → Upload Question-এ ক্লিক করুন। আপনি যে পরীক্ষার জন্য প্রশ্ন আপলোড করবেন (অর্ধ-বার্ষিক/বার্ষিক/প্রাক-নির্বাচনি/নির্বাচনি পরীক্ষার জন্য) একটি একটি করে পূর্ণ ১ সেট (Creative Question /Multiple Choice Question) প্রশ্নপত্র আপলোড করার জন্য Question Set Upload Button এ ক্লিক করে Class → Exam → Subject Select করে Next বাটনে ক্লিক করলে Question Paper প্যানেল পাওয়া যাবে।

প্রশ্ন আপলোডের জন্য Upload, আপলোডের পর সংশোধনের জন্য Edit, দেখার জন্য Preview অপশনে প্রবেশ করুন। প্যানেলের সব কয়টি প্রশ্ন Submit সম্পন্ন করে (প্রয়োজনীয় সংশোধন নিশ্চিত হবার পর) Final Submit করতে হবে।

(বি.দ্র.: Final Submit নিশ্চিত না করলে আপনার আপলোডকৃত প্রশ্নসেট প্রশ্ন ব্যাংকে জমা হয়নি বলে বিবেচিত হবে। Final Submit সম্পন্ন হলে আপনাকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয় কর্তৃক একটি নিশ্চিতকরণমূলক ম্যাসেজ প্রেরণ করা হবে। Final Submit-এর পর আপনি এ প্রশ্নপত্রটি আর দেখতে বা কোনোরূপ এডিট/পরিবর্তন করার সুযোগ পাবেন না)

কোনো নির্দিষ্ট পরীক্ষার জন্য নয় এমন প্রশ্ন (সৃজনশীল অথবা বহুনির্বাচনি) আপলোড করার জন্য Single Question Upload-অপশনে ক্লিক করুন।

**পাসওয়ার্ড পরিবর্তন/ম্যাচ না করলে/ভুলে গেলে:** লগ-ইন পেজ থেকে Forgot Password-এ ক্লিক করে Enter User Name ফিল্ডে আপনার 13 যুক্ত (১২ সংখ্যার) OTP ID লিখুন। Enter Mobile No ফিল্ডে বোর্ডের OTP প্যানেলে ইতঃপূর্বে প্রদত্ত আপনার মোবাইল নম্বরটির পূর্বে 88(৮৮) যুক্ত করে Submit করলেই আপনার পরিবর্তিত পাসওয়ার্ডটি মোবাইল ফোনে ম্যাসেজ পেয়ে যাবেন।

**প্রশ্ন ব্যাংকে আপনার অভিজ্ঞ সহকর্মীবৃন্দ:**

০১৭১৪-৯০৪৯৯০,০১৬৭১-৯৪৪২০৬,০১৭৩৯-৩২১৮১৯,০১৭১৫-৬৭১৬০২,০১৮৭৪-৬৬২২১৬,০১৭৩৬-৭৫৮৬৮৭,০১৯১২-২১৪১৮২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০০১.১৯-

তারিখ : ১৮ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি,২০১৯ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ রাষ্ট্রে উন্নীত করার যে স্বপ্ন তা বাস্তবায়ন করবে আমাদের দেশের শিক্ষার্থীরা। তাই এ সকল শিক্ষার্থীদেরকে মানসম্মত শিক্ষাদানের মাধ্যমে সৃজনশীল, সৃষ্টিশীল, নীতিবান, দেশপ্রেমিক, মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ এবং তথ্য প্রযুক্তি নির্ভর বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। এ জন্য প্রয়োজন মানসম্মত দক্ষ নিবেদিতপ্রাণ শিক্ষক। তাই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক এবং শিক্ষার্থীদের মানোন্নয়নের জন্য প্রতিষ্ঠান প্রধানগণ নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন এবং বাস্তবায়ন নিশ্চিত করবেন।

১. শিক্ষকগণের শিক্ষা প্রতিষ্ঠানে যথাসময়ে উপস্থিতি এবং ফলপ্রসূ পাঠদান নিশ্চিত করতে হবে;
২. প্রাত্যহিক সমাবেশে শিক্ষার্থীদেরকে দিয়ে দুইটি নৈতিক বাক্য পাঠ করাতে হবে;
৩. শিক্ষকগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষকদের নিয়ে নিয়মিতভাবে ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন নিশ্চিত করবেন;
৪. নির্ধারিত শিক্ষকের অনুপস্থিতিতে কোনো ক্লাস বন্ধ রাখা যাবে না;
৫. শ্রেণিকক্ষে পাঠ্যপুস্তকের বাইরে কোনো নোটবুক এবং গাইড বই ব্যবহার করা যাবে না;
৬. মাল্টিমিডিয়া ও কম্পিউটার ল্যাব ব্যবহার নিশ্চিত এবং সকল শিক্ষককে আইসিটি বিষয়ে পারদর্শী হতে হবে;
৭. সহ-শিক্ষা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং বিজ্ঞানাগার ও লাইব্রেরি ব্যবহার নিশ্চিত করতে হবে;
৮. শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক পর্যায়ের) নির্বাচিত 'স্টুডেন্টস কেবিনেট'-এর কার্যকর ব্যবহার নিশ্চিত করতে হবে;
৯. মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার-পরিচ্ছন্ন এবং স্বাস্থ্যসম্মত রাখার নিশ্চয়তা বিধান করতে হবে;
১০. প্রতিষ্ঠানের লাইব্রেরিতে শিক্ষার্থীদের নাগালের মধ্যে 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খন্ড)'- রাখা এবং পড়ার জন্য উৎসাহিত করতে হবে;
১১. শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং শিক্ষা বোর্ড কর্তৃক সময় সময় জারিকৃত অফিস আদেশ, পরিপত্র ও প্রজ্ঞাপন সংরক্ষণ, অনুসরণ এবং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

উপরোক্ত করণীয় বিষয়সমূহ প্রতিষ্ঠান প্রধানগণ বাস্তবায়ন করবেন। উর্ধ্বতন কর্তৃপক্ষ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে এ সকল নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ এবং পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করবেন।

স্বাক্ষরিত-
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোন : ৯৫৫৩৫৪২